

# মায়ের ডাক

অজয় দাশগুপ্ত

খোকন খোকন ডাকে মায়  
ডাকলে কি আর খুঁজে পায়?  
খোকনরা সব ভীড় করেছে  
নিউ ইয়র্ক আর ফ্লোরিডায় ।

সাতটি ত্রুতে দাঁড় বায়  
খোকন গেছে আকাশ যানে  
অস্ট্রেলিয়া, কানাডায়

আয়রে খোকন, ফিরে আয়  
দুধ মাখা ভাত কাকে খায়  
ফাষ্ট ফুডেতে ব্যাস্ত খোকন  
ম্যাকডোনাল্ড আর পিত্সায় ।

খোকন খোকন ডাকে মায়  
দূর প্রবাসে দুঃখ, সুখে  
খোকা জীবন তরী বায়  
ফিরবে ঘরে প্রতিজ্ঞা তার  
কিন্তু সে যে নিরুপায়

আয়রে খোকন ফিরে আয়  
দুয়ার জুড়ে দাঁড়িয়ে তোকে  
ডাকছে দুখি বাংলা মায়  
ভোরের আলো ফুলের মত  
ফুটেছে তোর মায়ের পা'য় ।  
খোকন, খোকন ডাকে মায় - - -